সমকাল

তারিখ 03 JUN 2016
পৃষ্ঠা ৫ কলাম ৭

ছাত্রীদের উত্ত্যক্তের প্রতিবাদ

# কালীগঞ্জে শিক্ষককে পেটাল বখাটেরা

■ কালীগঞ্জ (গাজীপুর) সংবাদদাতা
ছাত্রীদের উত্ত্যক্তের প্রতিবাদে করায় কালীগঞ্জ উপজেলার বক্তারপুর মডেল হাই স্কুলের সহকারী শিক্ষক যায়েদ মোল্লাকে বখাটেরা পিটিয়ে আহত করেছে। ঘটনাটি ঘটেছে বুধবার রাতে উপজেলার বক্তারপুর উত্তরপাড়া কালভার্টের ওপর। ঘটনার পর স্থানীয় লোকজন ওই স্কুল শিক্ষককে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। পরে বৃহস্পতিবার সকালে স্কুলের শিক্ষার্থীরা এ ঘটনার প্রতিবাদে প্রায় তিন ঘণ্টা রাস্তা অবরোধ করে রাখে। পরে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শর্মিলী দাস মিলি ও পুলিশ এসে বখাটেদের গ্রেফতারের আশ্বাস দিলে শিক্ষার্থীরা রাস্তা থেকে অবরোধ তুলে নেয়।

স্থানীয় বখাটে আলামিন মোড়ল, সাইফুল ইসলাম দর্জি, নাহিদ দর্জি, মুন্না ভূঁইয়া, বিপুল, শামীমসহ আরও কয়েকজন স্কুলে আসা-যাওয়ার পথে ছাত্রীদের উত্ত্যক্ত করে আসছে। এ ব্যাপারে ওই স্কুলের প্রধান শিক্ষক মো. মুজিবুর রহমান পলাশসহ অন্য শিক্ষকরা ওই বখাটেদের ছাত্রীদের উত্ত্যক্ত করতে নিষেধ করলে তারা ক্ষিপ্ত হয়ে ওঠে। বুধবার রাতে ওই স্কুলের সহকারী শিক্ষক যায়েদ মোল্লাকে বক্তারপুর উত্তরপাড়া কালভার্ট সংলগ্ন স্থানে পেয়ে বখাটেরা তার ওপর হামলা চালায়। শিক্ষকের চিৎকারে স্থানীয়রা এগিয়ে এলে বখাটেরা পালিয়ে যায়। এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক মো. মুজিবুর রহমান পলাশ বাদী হয়ে ৬ জনের নামে থানায় লিখিত অভিযোগ করেন।